

**বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের
কার্যক্রম তুলে নেয়ার প্রতিবাদে
রংপুরে গণঅনশন**

রংপুর, ২৭ এপ্রিল, নিজস্ব সংবাদদাতা ॥ রংপুর
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম তুলে নেয়ার
প্রতিবাদে ও কারমাইকেল কলেজকে বিশ্ববিদ্যালয়ে
পরিণত করার দাবিতে শনিবার রংপুরের নাগরিক
কমিটি স্থানীয় পায়রা চত্বরে গণঅনশন পালন করেছে।
সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত এই গণঅনশনে
বিএনপি, আওয়ামী লীগ ছাড়াও জেলার বিভিন্ন
রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ
অংশগ্রহণ করেন। অনশনের শুরুতে জাসদ সভাপতি
নূরে আলম জিকু, সাধারণ সম্পাদক হাসানুল হক ইনু
এবং যুগ্ম সম্পাদক মহিনউদ্দিন খান বাদল সেখানে
উপস্থিত হয়ে রংপুরবাসীর দাবির সঙ্গে সংহতি প্রকাশ
করে বক্তব্য রাখেন।